

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা
www.mopa.gov.bd

নং-০৫.২০০.১২.০০.০০.০১৯.২০১৫-২৭৪

তারিখ : ১০ পৌষ, ১৪২২ বঙ্গাব্দ
২৪ ডিসেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ

বিষয় : ১০৫ তম ও ১০৬ তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকায় আগামী ০৩/০১/২০১৬ থেকে ০৩/০৩/২০১৬ তারিখ পর্যন্ত ৬০ (ষাট) দিন মেয়াদে অনুষ্ঠিত ১০৬ তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্সে (এসিএডি) অংশগ্রহণের জন্য সরকারের উপসচিব পর্যায়ের নিম্নোক্ত ০৭ জন কর্মকর্তাকে নির্দেশক্রমে বর্ধিত মনোনয়ন প্রদান করা হল :

নম্বর	নাম	পদবী ও কর্মস্থল
১.	জনাব মোঃ মতিয়ার রহমান (৬০৯০)	উপসচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
২.	মোসাঃ সুরাইয়া বেগম (৬৭৪৫)	উপসচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
৩.	বেগম সাগরিকা নাসরিণ (৬৭৫৫)	উপসচিব, তথ্য মন্ত্রণালয়।
৪.	বেগম নূমেরী জামান (৬৭৬০)	উপসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে সংযুক্ত।
৫.	জনাব মোঃ হারুন-অর-রশিদ (৭৫৬২)	উপসচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৬.	জনাব এস এম লাবণুর রহমান (৭৬৪৬)	উপ পরিচালক (প্রশাসন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু বিভাগ।
৭.	জনাব মোঃ আব্দুল গফুর (৭৭৭১)	উপসচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

০২। মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ চলাকালে কর্মরত হিসেবে গণ্য হবেন এবং নিজ মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর হতে বেতন/ভাতাদি গ্রহণ করবেন।

০৩। প্রশিক্ষণ চলাকালে প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণকে আবশ্যিকভাবে বিপিএটিসি'র ডরমিটরিতে অবস্থান করতে হবে।


০৪। কোর্সের কোর্স ফি জনপ্রতি ৫৭,০০০/- (সাতান্ন হাজার) টাকা। কোর্সে মনোনীত কর্মকর্তার কোর্স ফি কোর্স শুরু হওয়ার পূর্বে নিজ মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থা হতে ক্রসড চেক/ব্যাংক ড্রাফটের মাধ্যমে রেস্তুর, বিপিএটিসি বরাবরে জমা দিতে হবে।

০৫। বিপিএটিসি কর্তৃপক্ষ কোর্সের জন্য মনোনীত প্রশিক্ষণার্থীদের থাকা-খাওয়ার ব্যবস্থা করবেন। কোর্স চলাকালীন তাঁরা শুধু ভ্রমণ ভাতা পাবেন। কিন্তু কোন দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

০৬। প্রশিক্ষণার্থীবৃন্দকে আগামী ০২/০১/২০১৬ তারিখ কোর্স ম্যানেজমেন্ট কর্তৃক নির্ধারিত সময়ে বিপিএটিসিতে যোগদান করতে হবে।

০৭। মনোনীত কোন কর্মকর্তা উক্ত কোর্সে যোগদানে ব্যর্থ হলে তাঁর বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। মনোনয়নপ্রাপ্ত কোন কর্মকর্তা কোর্সে অংশগ্রহণ না করলে পদোন্নতির সময় প্রশিক্ষণে যোগদানে ব্যর্থতার বিষয়টি বিধি অনুযায়ী বিবেচনার জন্য উপস্থাপন করা হবে।

০৮। মনোনীত কর্মকর্তাবৃন্দকে আগামী ২৭/১২/২০১৫ তারিখের মধ্যে বিপিএটিসি'র ওয়েবসাইটে (www.bpatc.org.bd) অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে। কোর্সে যোগদানের পর প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণকে ই-লার্নিং প্ল্যাটফর্মে (elearning.bpatc.org.bd) রেজিস্ট্রেশন করতে হবে।


(শাহ এলিদ মাইনুল আমিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৫৫২৫।

রেস্তুর,
বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা।


২য় পাতায়

নং-০৫.২০০.১২.০০.০০.০১৯.২০১৫-২৭৪/১(৫০)

তারিখ : ১০ পৌষ, ১৪২২ বঙ্গাব্দ
২৪ ডিসেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি :

- ০১। সিনিয়র সচিব/সচিব, -----।
- ০২। বিভাগীয় কমিশনার, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/রংপুর/সিলেট/বরিশাল
- ০৩। চেয়ারম্যান/মহা-পরিচালক/প্রকল্প পরিচালক/প্রধান প্রকৌশলী -----।
- ০৪। যুগ্ম-সচিব (প্রশিক্ষণ/পিএসিসি), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। জনাব।
- ০৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ০৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
- ০৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (সিপিটি/এপিডি/প্রশাসন/শৃঙ্খলা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন/সিপিটি/শৃঙ্খলা/এপিডি) মহোদয়ের অবগতির জন্য)।
- ১১। অফিস কপি।


(শাহ এলিদ মাইনুল আমিন)
সিনিয়র সহকারী সচিব